

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
জেলা পরিসংখ্যান অফিস  
৩৬/১০ ম.আ.রহিম সড়ক, কুষ্টিয়া।  
[www.bbs.kushtia.gov.bd](http://www.bbs.kushtia.gov.bd)

বিষয়: জেলা পরিসংখ্যান কার্যালয়, কুষ্টিয়া এর আওতাধীন উপজেলা পরিসংখ্যান কার্যালয় সমূহের জুলাই/২০২৩ খ্রি. মাসের সমন্বয় সভার কার্য বিবরণী।

সভার তারিখ : ২৭/০৭/২০২৩ খ্রি. রোজ বৃহস্পতিবার  
সভার সময় : সকাল ১০:৩০ ঘটিকা।  
সভারস্থান : উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, কুষ্টিয়া এর অফিস কক্ষ।  
সভাপতি : জনাব মো. শাহ আলম, উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, কুষ্টিয়া।  
উপস্থিতি : হাজিরা সংযুক্ত


সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সদস্য সচিব সভার কাজ শুরু করেন। আলোচনা কালে সদস্য সচিব বলেন যে, যাচাই বাছাই এর পরে উপজেলা কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মাদ্রাসা ও ভোকেশনাল এর ট্যাবলেট বিতরণের খসড়া তালিকা চূড়ান্ত করতে হবে। অনুমোদন এর পরে উক্ত তালিকা জেলা কমিটির স্বাক্ষরের জন্য জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করতে হবে, আইসিএমএস সফটওয়্যার নিয়মিত হালনাগাদকরণ করতে হবে, কৃষি রিপোর্ট প্রস্তুতকরণ ও উৎপাদন হার যাচায়ের পরে যথাসময়ে জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করতে হবে। নিচে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করা হলো।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত বাস্তবায়নকারী প্রতিষ্ঠান
১.	মাদ্রাসা/ভোকেশনালের ট্যাবলেট বিতরণের চূড়ান্ত তালিকা প্রস্তুতকরণ	যাচাই বাছাই এর পরে উপজেলা কমিটি কর্তৃক প্রস্তুতকৃত মাদ্রাসা ও ভোকেশনাল এর ট্যাবলেট বিতরণের খসড়া তালিকা চূড়ান্ত করণ ও অনুমোদন এর পরে জেলা কমিটির স্বাক্ষরের জন্য উক্ত তালিকা জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	উপজেলা পরিসংখ্যান কার্যালয় সমূহ।
২.	আইসিএমএস সফটওয়্যার হালনাগাদকরণ।	জেলা/উপজেলা পরিসংখ্যান অফিস, কুষ্টিয়া এর আইসিএমএস সফটওয়্যার নিয়মিত হালনাগাদকরণ করতে হবে। এমপিওভুক্ত মাদ্রাসা ও ভোকেশনালের শিক্ষার্থীদের তালিকা আইসিএমএস দ্রুত চূড়ান্ত করতে হবে।	উপজেলা কমিটি কর্তৃক প্রস্তুতকৃত শিক্ষার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান অফিসের ICMS এ এন্ট্রি করবেন।
৩.	কৃষি রিপোর্ট প্রস্তুতকরণ ও ফাইলে সংরক্ষণ।	মাসিক কৃষি রিপোর্ট প্রস্তুতকরণ ও সকল ফসলের উৎপাদন হার যাচাই করে যথাসময়ে জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করতে হবে যাতে জেলা অফিস উক্ত রিপোর্ট সঠিক সময়ে বিভাগীয় কার্যালয়ের প্রেরণের সময় পায়। কৃষকের সাথে কথা বলে কৃষি রিপোর্ট প্রস্তুত করতে হবে। রিপোর্ট এর একটি অনুলিপি ফাইলে সংরক্ষণ করতে হবে।	উপজেলা পরিসংখ্যান কার্যালয় সমূহ।

১০

৪.	এপিএ	বর্তমান সরকারের গুরুত্বপূর্ণ একটি কাজ এপিএ যা সঠিক সময়ে সম্পূর্ণ করা অতীব জরুরী। এটি যথা সময়ে কিভাবে সম্পূর্ণ করা যায় সে বিষয়ে দিক নির্দেশনা দেন।	উপজেলা পরিসংখ্যান কার্যালয় সমূহ।
৫.	নিল রিপোর্ট	দাগগুচ্ছ, মৌজা সরজমিনে পরিদর্শন না করে নিল রিপোর্ট প্রেরণ করা যাবে না। নিল রিপোর্ট উক্ত জেলার পরিসংখ্যানে নেতিবাচক প্রভাব ফেলে।	উপজেলা পরিসংখ্যান কার্যালয় সমূহ।
৬.	ফসল উৎপাদন হার	ফসল উৎপাদন হার নির্ণয়ের ক্ষেত্রে যে সকল কৃষক উক্ত ফসল চাষ করেছে তাদের সাথে কথা বলে উৎপাদন হার নিতে হবে।	উপজেলা পরিসংখ্যান কার্যালয় সমূহ।

অতপর: সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 মো. শাহ আলম  
 উপপরিচালক  
 জেলা পরিসংখ্যান অফিস, কুষ্টিয়া  
 ও  
 সভাপতি  
 মাসিক সমন্বয় সভা।

স্মারক নং-৫২.০১.৫০০০.১০৩.০৬.০০১.২৩-

তারিখ: ১২ শ্রাবণ ১৪৩০  
২৭ জুলাই ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১. পরিসংখ্যান কর্মকর্তা/ উপজেলা পরিসংখ্যান কার্যালয়,....কুষ্টিয়া।